# জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (NDMRTI)

# নিউজলেটার

প্রশিক্ষণ শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ত্রৈমাসিক প্রকাশনা/সংখ্যা ৩০০/জুলাই-সেপ্টেম্বও ২০২৫




দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২ অনুযায়ী দুর্যোগ ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক কাঠামো নিশ্চিতকল্পে এ আইনের ১২(১) ধারায় "এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনের প্রভাবের উপর গবেষণা এবং দুর্যোগ ব্যবস্থাপনা পদ্ধতির সক্ষমতা বৃদ্ধিসহ আনুষাঙ্গিক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সরকার, প্রয়োজনে, একটি 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট' প্রতিষ্ঠা করিতে পারিবে"। তদপ্রেক্ষিতে, দুর্যোগের সময় দ্রুত, সঠিক ও কার্যকর পদক্ষেপ নেয়ার লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ২০১৬খ্রি. হতে কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট (NDMRTI)' এর মাধ্যমে বছরব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। নব নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের জন্য বুনিয়াদি/মৌলিক প্রশিক্ষণ, সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য দক্ষতা উন্নয়ন কোর্স, মহড়া ও কর্মশালা আয়োজন করা হয়। এছাড়াও দুর্যোগ ঝুঁকিতে থাকা বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের মালিক, শ্রমিক ও কর্মচারীদের সহায়ক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়ে থাকে।

## দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের **প্রশিক্ষণ অনুবিভাগের কাজ** বা দায়িত্বসমূহ সাধারণভাবে নিম্নরূপঃ

### প্রশিক্ষণ অনুবিভাগের প্রধান কাজসমূহ:

১. **প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন:**
- জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা নীতিমালার সাথে সামঞ্জস্য রেখে বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুত করা।
- কেন্দ্রীয়, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমের সময়সূচি নির্ধারণ।

২. **প্রশিক্ষণ আয়োজন ও বাস্তবায়ন:**
- কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি, স্বেচ্ছাসেবক ও গণমাধ্যম প্রতিনিধিদের জন্য প্রশিক্ষণ আয়োজন।
- দুর্যোগ ঝুঁকি হ্রাস, প্রস্তুতি, প্রতিক্রিয়া ও পুনর্বাসন সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা।

৩. **প্রশিক্ষণ উপকরণ ও কারিকুলাম উন্নয়ন:**
- প্রশিক্ষণ মডিউল, গাইডলাইন, হ্যান্ডবুক, ওয়ার্কবুক প্রণয়ন ও হালনাগাদ করা।
- স্থানীয় প্রেক্ষাপটে উপযোগী প্রশিক্ষণ উপকরণ তৈরি।

৪. **প্রশিক্ষণ তথ্য সংরক্ষণ ও মূল্যায়ন:**
- প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিবর্গের তথ্যভান্ডার সংরক্ষণ।
- প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন ও ভবিষ্যৎ উন্নয়নের জন্য সুপারিশ প্রদান।

৫. **সহযোগিতা ও সমন্বয়:**
- সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, আন্তর্জাতিক সংস্থা ও এনজিওর সাথে সমন্বয় করে যৌথ প্রশিক্ষণ আয়োজন।
- ফায়ার সার্ভিস, সিভিল ডিফেন্স, রেড ক্রিসেন্টসহ সংশ্লিষ্ট সংস্থার সাথে সমন্বিত কার্যক্রম পরিচালনা।

৬. **দুর্যোগ প্রস্তুতি মহড়া ও সচেতনতা কার্যক্রম:**

- স্কুল, কলেজ ও কমিউনিটি পর্যায়ে দুর্যোগ প্রস্তুতি মহড়া আয়োজন।
- জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেমিনার, কর্মশালা, পোস্টার ও প্রচার কার্যক্রম পরিচালনা।

৭. **মানবসম্পদ উন্নয়ন:**
- কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি ও ক্যাপাসিটি বিল্ডিং কার্যক্রম বাস্তবায়ন।
- প্রশিক্ষণপ্রাপ্তদের ফলো-আপ এবং উন্নয়নমূলক কার্যক্রমে সম্পৃক্ত করা।

## ২০২৫-২০২৬ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্ভাব্য প্রশিক্ষণ কর্মসূচীঃ

| | |
|---|---|
| ০১। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ। |
| ০২। | তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধিমালনা, স্বত:প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ। |
| ০৩। | জরুরি সাড়াদান পদ্ধতি শক্তিশালীকরণের লক্ষ্যে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের (SoD) প্রশিক্ষণ। |
| ০৪। | দুর্যোগের ক্ষয়ক্ষতি ও চাহিদা নিরূপণ বিষয়ক প্রশিক্ষণ। |
| ০৫। | গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ (কাবিখা/কাবিটা/ টিআর/EGPP) কর্মসূচী বাস্তবায়নে মাঠ পর্যায়ে সমস্যাসমূহ উত্তরণের উপায় চিহ্নিতকরণ ও সমস্যা সমাধান বিষয়ে প্রশিক্ষণ। |
| ০৬। | বিপণি বিতানের দোকান মালিক ও কর্মকর্তা/কর্মচারীদের অগ্নি নিরাপত্তা, ভবনধ্বস এবং ভূমিকম্প প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ। |
| ০৭। | **যুবক, স্বেচ্ছাসেবকদের** (স্কাউট, বিএনসিসি, গার্ল গাইডস, ফায়ার সার্ভিস স্বেচ্ছাসেবক, যুব রেডক্রিসেন্ট, ইত্যাদি) সচেতনতা ও দুর্যোগ (ভূমিকম্প, অগ্নিকান্ড, ভবনধ্বস, বন্যা, ইত্যাদি) পরবর্তী অনুসন্ধান , উদ্ধার ও মানবিক সহায়তা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। |
| ০৮। | দুর্যোগে ভিকটিমদের **সাইকোসোশাল কাউন্সিলিং** প্রদান বিষয়ক প্রশিক্ষণ। |
| ০৯। | **ভূমিকম্প ও ল্যান্ড স্লাইড পরবর্তী উদ্ধার ও অনুসন্ধান** বিষয়ে প্রশিক্ষণ। |
| ১০। | Disaster Management Planning in aspect of 4th Industrial Revolution বিষয়ে প্রশিক্ষণ। |
| ১১। | দুর্যোগ ব্যবস্থাপনায় GIS ও Space Technology'র ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ। |
| ১২। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কমকর্তা এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের জন্য **বুনিয়াদি প্রশিক্ষণ।** |
| ১৩। | সঞ্জীবনী প্রশিক্ষণ (দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী)। |
| ১৪। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে **নবনিয়োগপ্রাপ্ত কর্মচারীদের** মৌলিক প্রশিক্ষণ। |
| ১৫। | প্রশাসনিক কার্যাবলী ও IBAS++ বিষয়ক প্রশিক্ষণ। |
| ১৬। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং মাঠপর্যায়ের গাড়ী চালকদের ট্রাফিক আইন, গাড়ী রক্ষণাবেক্ষণ, লগবই সংরক্ষণ, ছুটি বিধিমালা, আচরণ বিধিমালা, পোষাক পরিচ্ছদ ইত্যাদি সংক্রান্ত প্রশিক্ষণ। |
| ১৭। | **D-Nothi** বিষয়ক প্রশিক্ষণ। |
| ১৮। | **PPR ও e-GP** বিষয়ক প্রশিক্ষণ । |
| ১৯। | প্রকল্পের Feasibility Study, DPP প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়ন এবং Monitoring & Evaluation বিষয়ক প্রশিক্ষণ। |
| ২০। | বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন সংক্রান্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ (Specification, Test Report, Measurement Book সহ BoQ এবং বিভিন্ন Engineering Terminology এবং প্রতিবেদন প্রস্তুত ও দাখিল)। |
| ২১। | অফিস ব্যবস্থাপনা, নথি ও রেজিস্টার ব্যবস্থাপনা, ছুটি বিধিমালা, শৃংখলা ও আপীল বিধিমালা, আচরণ বিধিমালা, Rules of Business ও সচিবালয় নির্দেশমালা বিষয়ক প্রশিক্ষণ। |
| ২২। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ৪র্থ শ্রেণির কর্মচারীদের অফিস ব্যবস্থাপনা, ছুটি বিধিমালা, আচরণ বিধিমালা, পোষাক পরিচ্ছদ, দায়িত্ব ও কর্তব্য বিষয়ক প্রশিক্ষণ |
| ২৩। | **ক) অডিট আপত্তির ব্রডশীড জবাব ও প্রমাণক প্রস্তুতসহ নিস্পত্তি'** সংক্রান্ত প্রশিক্ষণ।<br>খ) বিভাগ ভিত্তিক মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য **'অডিট আপত্তির ব্রডশীড জবাব ও প্রমাণক প্রস্তুতসহ নিস্পত্তি'** সংক্রান্ত প্রশিক্ষণ। |
| ২৪। | অগ্নি নির্বাপন ও অপসারণ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ/মহড়া। |
| ২৫। | Humanitarian Assistance, Effective Relief Distribution and Warehouse Management বিষয়ক প্রশিক্ষণ। |
| ২৬। | সিটি কর্পোরেশন/পৌরসভা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের 'দুর্যোগ ব্যবস্থাপনা' বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ। |
| ২৭। | **'Cyber Security Awareness'** বিষয়ক প্রশিক্ষণ। |
| ২৮। | কর্মকর্তাদের জন্য ভূমি ব্যবস্থাপনা **(মহাজের সম্পত্তি)**। |
| ২৯। | গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ (কাবিখা/কাবিটা/টিআর/EGPP) কর্মসূচী ও ডিডিএম কর্তৃক বাস্তবায়িত সকল উন্নয়ণমূলক প্রকল্পের সরেজমিন Pre-work Survey, Post-work Survey, Final Inspection পরবর্তী চেকলিষ্ট পূরণ ও প্রতিবেদন প্রস্তুত সংক্রান্ত প্রশিক্ষণ। |
| ৩০। | Annual Confidential Report (ACR), অবসর ও পেনশন বিধিমালা বিষয়ক প্রশিক্ষণ। |

| নির্ধারিত প্রশিক্ষণ কর্মসূচীর মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সম্ভাব্য সংখ্যা |
|---|---|
| **৩০ টি** | ৪,৭৮৫ জন |

## ২০২৫-২০২৬ অর্থবছরে বাজেট বরাদ্দ ও ব্যয়ের সার-সংক্ষেপ

| ২০২৫-২০২৬ অর্থবছরে বাজেট বরাদ্দ | ২০২৫-২০২৬ অর্থবছরে ব্যয় | ব্যয়ের হার |
|---|---|---|
| **২,২১,০০,০০০.০০ টাকা** | ২৯,৯৩,৫৮০.০০ টাকা | ১৩.৫৫% |

## ২০২৫-২০২৬ অর্থবছরে বাস্তবায়িত প্রশিক্ষণ কর্মসূচিসমূহের তালিকা

| | | |
|---|---|---|
| ০১/ **প্রশিক্ষণের নাম** | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের গাড়ী চালকদের ট্রাফিক আইন, গাড়ী রক্ষণাবেক্ষণ, লগবই সংরক্ষণ, ছুটি বিধিমালা, আচরণ বিধিমালা ও পোষাক পরিচ্ছদ বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ (১ম ব্যাচ) |
| স্থান | : | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট। |
| অংশগ্রহনকারী | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের গাড়ীচালকবৃন্দ। |

| ক্রমিক নং | ব্যাচ নং | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| (ক) | ১ম | ০১/০৯/২০২৫ খ্রি. | প্রধান কার্যালয়ের ৩২ জন |
| (খ) | ২য় | ১৩/০৯/২০২৫খ্রি. | মাঠ পর্যায়ের ৩০ জন |

| | | |
|---|---|---|
| ০২/ **প্রশিক্ষণের নাম** | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মচারীদের জন্য 'অফিস ব্যবস্থাপনা, নথি ও রেজিস্টার ব্যবস্থাপনা, ছুটি বিধিমালা, শৃংখলা ও আপীল বিধিমালা, আচরণ বিধিমালা, Rules of Business ও সচিবালয় নির্দেশমালা' বিষয়ক ২দিন ব্যাপী প্রশিক্ষণ (১ম ব্যাচ)। |
| স্থান | : | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট। |
| অংশগ্রহনকারী | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মচারীবৃন্দ। |

| ক্রমিক নং | ব্যাচ নং | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| (ক) | ১ম | ০২/০৯/২০২৫ ও ০৩/০৯/২০২৫ | ৩০ জন কর্মচারীবৃন্দ |
| (খ) | ২য় | ২৮/০৯/২০২৫ ও ২৯/০৯/২০২৫ খ্রি. | ৩১ জন কর্মচারীবৃন্দ |



**ছবিঃ ক্লাস পরিচালনা করছেন জনাব নাহিদ সুলতানা মল্লিক (যুগ্মসচিব), পরিচালক, ডিডিএম। (১ম ব্যাচ)**




ছবিঃ ক্লাস পরিচালনা করছেন জনাব মোঃ রাসেল সাবরিন (যুগ্মসচিব), পরিচালক, ডিডিএম। (১ম ব্যাচ)



**ছবিঃ জনাব মোঃ আব্দুর রশিদ (যুগ্মসচিব), পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (২য় ব্যাচ)**



ছবিঃ **জনাব মোঃ শাহ আলম** (যুগ্মসচিব), পরিচালক (মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (২য় ব্যাচ)

| | | |
|---|---|---|
| ০৩/ **প্রশিক্ষণের নাম** | : | যুবক, স্বেচ্ছাসেবকদের (স্কাউট, বিএনসিসি, গার্ল গাইডস, ফায়ার সার্ভিস স্বেচ্ছাসেবক, যুব রেডক্রিসেন্ট, ইত্যাদি) সচেতনতা ও দুর্যোগ (ভূমিকম্প, অগ্নিকান্ড, ভবনধ্বস, বন্যা, ইত্যাদি) পরবর্তী অনুসন্ধান, উদ্ধার ও মানবিক সহায়তা ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ। |

| | | |
|---|---|---|
| স্থান | : | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট। |
| অংশগ্রহনকারী | : | স্বেচ্ছাসেবক সদস্যবৃন্দ। |

| ক্রমিক নং | ব্যাচ নং | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| (ক) | ১ম | ০৪/০৯/২০২৫ ও ০৭/০৯/২০২৫ | Youth Foundation of Bangladesh এর ২৫ জন |
| (খ) | ২য় | ০৪/০৯/২০২৫ ও ০৭/০৯/২০২৫ | শান্ত-ছায়া রেসকিউ টিম, শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি এর ২৫ জন |
| (গ) | ৩য় | ১০/০৯/২০২৫ ও ১১/০৯/২০২৫ | বাংলাদেশ স্কাউট এর ২৫ জন |
| (ঘ) | ৪র্থ | ১০/০৯/২০২৫ ও ১১/০৯/২০২৫ | বাংলাদেশ স্কাউট এর ২৫ জন |



ছবিঃ শান্ত-ছায়া রেসকিউ টিম, শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি এর স্বেচ্ছাসেবক দল কর্তৃক মহাপরিচালক জনাব রেজওয়ানুর রহমানকে ভলান্টিয়ারদের টি-শার্ট উপহার।

| | | | |
|---|---|---|---|
| ০৪। | প্রশিক্ষণের নাম | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ৪র্থ শ্রেণির কর্মচারীদের অফিস ব্যবস্থাপনা, ছুটি বিধিমালা, আচরণ বিধিমালা, পোষাক পরিচ্ছদ, দায়িত্ব ও কর্তব্য বিষয়ক প্রশিক্ষণ। |
| | স্থান | : | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট। |
| | অংশগ্রহনকারী | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রধান কার্যালয়ের ৪র্থ শ্রেণির কর্মচারীবৃন্দ। |

| ক্রমিক নং | ব্যাচ নং | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| (ক) | ১ম | ০৮/০৯/২০২৫ খ্রি. | প্রধান কার্যালয়ের ৩০ জন |
| (খ) | ২য় | ১৩/০৯/২০২৫ খ্রি. | প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের ৩১জন |

| | | | |
|---|---|---|---|
| ০৫। | প্রশিক্ষণের নাম | : | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ। |
| | স্থান | : | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট। |
| | অংশগ্রহনকারী | : | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মাঠ পর্যায়ে কর্মরত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাবৃন্দ। |

| ক্রমিক নং | ব্যাচ নং | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| (ক) | ২০তম | ১৭/০৯/২০২৫ হতে ২৩/১১/২০২৫ খ্রি. | মাঠ পর্যায়ে কর্মরত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাবৃন্দ ২৪ জন |
| (খ) | ২১তম | ১৭/০৯/২০২৫ হতে ২৩/১১/২০২৫ খ্রি. | মাঠ পর্যায়ে কর্মরত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাবৃন্দ ২৩ জন |





ছবিঃ প্রশিক্ষণার্থীদের বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর (বিএমডি) পরিদর্শন।




উপদেষ্টাঃ জনাব রেজওয়ানুর রহমান, মহাপরিচালক
নির্দেশনাঃ জনাব নাহিদ সুলতানা মল্লিক, পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)
সম্পাদকঃ জনাব মোঃ ইসমাইল হোসেন, উপপরিচালক (প্রশিক্ষণ)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (ডিডিএম), ৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।